কালের কণ্ঠ

তারিখ [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# নর্থ সাউথ ইউনিভার্সিটিতে নবীনের উৎসব

নিজস্ব প্রতিবেদক ▷

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) অনুষ্ঠিত হলো নবীনের উৎসব।
গতকাল শনিবার রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার বিশ্ববিদ্যালয়ের
ক্যাম্পাসে স্প্রিং ২০১৮ সেমিস্টারের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রগ্রামের
মাধ্যমে বরণ করে নেওয়া হয়। উচ্চশিক্ষার শুরুতেই বিশ্ববিদ্যালয় পর্যায়ে
পরিচিতি অনুষ্ঠানে অংশ নেয় নবীন শিক্ষার্থীরা। এবার বিশ্ববিদ্যালয়ের চারটি
অনুষদের ১৬টি বিভাগে স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির সুযোগ পেয়েছে দুই
হাজার ২৪১ জন শিক্ষার্থী।
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে
প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মো. নজিবুর রহমান। অনুষ্ঠানে
বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ
শাহজাহান।
নজিবুর রহমান শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, 'নতুনদের কাছে শেখার আছে,
বর্তমান ডিজিটাল সময়ে সবার জন্য সমান সুযোগ অবারিত। সব সুযোগের
সন্ধান বা সদ্ব্যবহার করলে ব্যর্থতার কোনো অবকাশ নেই। আর এ উচ্চশিক্ষা
থেকেই শুরু হয় একজন শিক্ষার্থীর প্রকৃত জার্নি। আজকের শিক্ষার্থীদেরই
আগামী দিনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।'
উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, 'আমেরিকান কারিকুলাম
অনুসরণে এ বিশ্ববিদ্যালয়ে পাঠদান করেন বিদেশি ডিগ্রিধারী সব শিক্ষক, যার
মধ্যে বিদেশি শিক্ষকও আছেন। আমরা শিক্ষার্থীদের আমাদের সর্বোচ্চ দেওয়ার
চেষ্টা করব।'
বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) এবং হেলথ অ্যান্ড লাইফ সায়েন্স
অনুষদের ডিন অধ্যাপক গিয়াস উদ্দিন আহসান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন।
অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য এম এ কাশেম,
বেনজির আহমেদ, এম এ হাশেম, রেহানা রহমান, ইয়াসমিন কামাল, বিজনেস
অ্যান্ড ইকোনমিক্স অনুষদের ডিন অধ্যাপক মোহাম্মদ মাহবুব রহমান,
হিউম্যানিটিস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক আবদুর রব
খান এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড.
এম আরশাদ চৌধুরী। এ সময় সিনিয়র শিক্ষক, বিভাগীয় প্রধান এবং ঊর্ধ্বতন
কর্মকর্তাসহ অভিভাবকরা উপস্থিত ছিলেন।